৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**কৃষি ঋণ বিভাগ**

এসিডি সার্কুলার লেটার নং- ০৪

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২২
২ নভেম্বর, ২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তি অনুসারে বাংলাদেশ ভূ-খন্ডে অন্তর্ভূক্ত হওয়া ১১১টি ছিটমহল বাসিন্দাদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত এসিডি সার্কুলার নং-০৫, তারিখ ঃ ০২ আগষ্ট, ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

সম্প্রতি বাংলাদেশের অন্তর্ভুক্ত হওয়া অধুনালুপ্ত ১১১টি ছিটমহলের বাসিন্দাদের অনুকূলে কৃষি জমির বিপরীতে কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে জমির মালিকানা সংক্রান্ত সমস্যা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জমির মালিকের ছবিসহ জমির মালিকানা বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার/সাব রেজিষ্টার এর প্রত্যয়নপত্রের বিপরীতে কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি মোতাবেক কৃষি ঋণ বিতরণ করা যাবে।

এছাড়া, জমির মালিকানা নিশ্চিত করা না গেলে, নাগরিকত্ব সনদ যাচাইপূর্বক দুই বা ততোধিক কৃষকের অনুকূলে গ্রুপ ভিত্তিতে কৃষি কাজের জন্য বিশেষ গ্রুপ কৃষি ঋণ (শস্য বন্ধকীকরণের বিপরীতে) বিতরণ করা যাবে।

এতদ্‌সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত এসিডি সার্কুলার নং-০৫ এর অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল হাকিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২২৩